# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 03 July, 2025

লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলায় পাথর ও বালি বহনকারী যানবাহন থেকে নিয়মিত চাঁদাবাজির অভিযোগ তুলেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সংগঠক সারজিস আলম।তার অভিযোগ, এই চাঁদাবাজি বিএনপির নাম ভাঙিয়ে করা হচ্ছে এবং দলীয় নেতাকর্মীরা প্রকাশ্যেই আইন-শৃঙ্খলা বাহিনীকে বাধা দিচ্ছেন।

বুধবার দিবাগত রাত ১টা ১৩ মিনিটে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে সারজিস আলম লিখেন, "সরকার কর্তৃক অনুমোদিত পাথর ও বালুর সাইট থেকে দেশের বিভিন্ন জায়গায় পণ্য পরিবহনকারী গাড়িগুলোকে থামিয়ে গাড়িপ্রতি ৫০০ থেকে ১ হাজার টাকা পর্যন্ত চাঁদা আদায় করা হচ্ছে।নিয়মিত লক্ষ লক্ষ টাকা লুটপাট করা হচ্ছে।"

তিনি অভিযোগ করেন, বুধবার পাটগ্রামের ইউএনও দুই চাঁদাবাজকে আটক করে এক মাসের কারাদণ্ড দিলে বিএনপি ও স্বেচ্ছাসেবক দলের নেতাকর্মীরা থানা ঘেরাও করে, ভাঙচুর চালায় এবং আটক ব্যক্তিদের ছিনিয়ে নিয়ে যায়।এমনকি যখন পুলিশ পার্শ্ববর্তী থানার সহযোগিতা চায়, তখন সেখানেও অবরোধ সৃষ্টি করে বিএনপির নেতাকর্মীরা।

সারজিস আলম বলেন, "স্থানীয়ভাবে যিনি এমপি হতে চান, তার মদদেই এসব কর্মকাণ্ড হচ্ছে বলে অভিযোগ করছেন এলাকাবাসী।"

তিনি আরও বলেন, "যদি বিএনপি চাঁদাবাজদের প্রটেকশন দেয় এবং প্রশাসনকে জিম্মি করে, তাহলে দেশ সংস্কারের কোনো আশা থাকে না। আগে মাঠ পর্যায়ের নেতাদের নিয়ন্ত্রণে আনতে হবে।প্রশাসনকে সহযোগিতা না করে উল্টো বাধা দিলে বিএনপির সংস্কারমূলক ভাবমূর্তি প্রশ্নবিদ্ধ হবে।"

তার পোস্টে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকেও ট্যাগ করা হয়, এবং দাবি করা হয়–এ ধরনের অপকর্মে দলীয় অবস্থান ও কঠোর ব্যবস্থা গ্রহণ এখন সময়ের দাবি।

এনসিপি বিএনপি সারজিস আলম,তারেক রহমান মির্জা ফখরুল ইসলাম আলমগীর

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 01:45

URL: https://timestodaybd.com/politics/3322364118